দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 DEC 1998 ...
পৃষ্ঠা 8 কলাম 5

## মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে

গত ২৬-১১-৯৮ তারিখে দৈনিক ইত্তেফাক মারফত জানিতে পারিলাম যে, শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ নূতনভাবে ১৯৯৯ সনের এস.এস.সি পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। যাহাতে বলা হইয়াছে, যদি কোন পরীক্ষার্থী একটি বিষয়ে অকৃতকার্য হয় তবে সে শুধু অকৃতকার্য বিষয়টিতে পুনরায় পরীক্ষায় অংশগ্রহণকরতঃ পাসপূর্বক 'বিশেষ পাস' হিসাবে গণ্য হইবে। সংবাদটি আশার সঞ্চার করিলেও পরবর্তী শর্তে চোখ পড়ামাত্র নিরাশ হইলাম। বোর্ড কর্তৃপক্ষ এই মর্মে শর্ত জুড়িয়া দিয়াছেন যে, রেজিষ্ট্রেশনের মেয়াদ তিন বছর পূর্ণ হইলে এই সুযোগ গ্রহণ করা যাইবে না। অথচ এমন অনেক ছাত্র-ছাত্রী আছে, যাহারা মেধা থাকা সত্ত্বেও অর্থনৈতিক দৈন্যের কারণে পরীক্ষা দিতে ব্যর্থ হয়। এ সকল ভাগ্যহত ছাত্র-ছাত্রীর আত্মপক্ষ সমর্থনের কোনরূপ সুযোগ এখানে নাই। আমি এরূপ একজন ভাগ্যহত ছাত্র। আমার মত অনেকেই সংসারের ঘানি টানিতে গিয়া পড়াশোনার যথাযথ সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। এমতাবস্থায় মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট আকুল আবেদন এই যে, আমরা যাহাতে অন্যান্য সাধারণ ছাত্র-ছাত্রীর সহিত একই সুযোগ গ্রহণকরতঃ শুধুমাত্র অকৃতকার্য বিষয়ে